গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখা

# সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোঃ মাহবুব হোসেন<br>সচিব |
| সভার তারিখ | ২৭ জুলাই ২০২০ |
| সভার সময় | বেলা ১১.৩০ মিনিট |
| স্থান | শিক্ষা মন্ত্রণালয়ের সভা কক্ষ |
| উপস্থিতি | ভার্চুয়াল সভা |

সভাপতি সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি বলেন যে, সোনার বাংলা গড়ার প্রত্যয়ে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ বাস্তবায়ন করছে। অতঃপর সভাপতির নির্দেশক্রমে অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) সভাটি সঞ্চালনা করেন। তিনি জানান যে, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনায় মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ ২০২০-২০২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার খসড়া প্রণয়ন করেছে। অতঃপর তিনি ২০২০-২০২১ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা সভায় উপস্থাপন করেন। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ৩.১ ক্রমিকের শিক্ষা আইন প্রণয়ন কার্যক্রমটি গ্রহণ করার বিষয়ে সভাপতি নির্দেশনা প্রদান করেন। শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দূর্নীতি প্রতিরোধে সহায়ক ০৫টি কার্যক্রমের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনা ও যৌক্তিকতার ভিত্তিতে নিম্নবর্ণিত ০৫টি কার্যক্রম গ্রহণ করা হয়:

১. জাতীয় শিক্ষানীতির বাস্তবায়ন অগ্রগতির মূল্যায়ন;
২. NCTB এর APA বাস্তবায়ন পরিবীক্ষণ;
৩. T.T.C. এর প্রশিক্ষণ কার্যক্রম এর কার্যকারিতা মূল্যায়ন;
৪. বিভাগের উদ্ভাবনী কার্যক্রমের স্থায়ী প্রবর্তনের ব্যবস্থাকরণ;
৫. কলেজ পর্যায়ে অনলাইন ভর্তির কার্যক্রম পরিবীক্ষণ।

২. পরবর্তীতে ২০২০-২০২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা-এর খসড়া প্রতিবেদনের নিয়ে বিস্তারিত আলোচনা হয় এবং আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১. | ২০২০-২০২১ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুমোদন। | ২০২০-২০২১ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুমোদন করা হয়, যা মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হবে। | প্রশাসন অনুবিভাগ |
| ২. | ২০২০-২০২১ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার সকল কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন। | ২০২০-২০২১ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার সকল কার্যক্রম যথাযথভাবে এবং নির্দিষ্ট সময়ের মধ্যে বাস্তবায়ন করতে হবে। | সকল অনুবিভাগ |

৩. সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ মাহবুব হোসেন
সচিব

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭৫.০১.০০১.১৯.৬২

তারিখ: ১৩ শ্রাবণ ১৪২৭
২৮ জুলাই ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) অতিরিক্ত সচিব (সকল)

২) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের আওতাধনি সংস্থাসমূহ

৩) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

৪) সিনিয়র সহকারী সচিব, শুদ্ধাচার শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ

৫) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন ও অর্থ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

জাকিয়া পারভীন
উপসচিব